



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

দুরালাপনীঃ ৭২২৬১৮, কলেজ কোডঃ ০৩১৩
e-mail: azamkhancollege@yahoo.com
azamkhancollege@gmail.com


আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা

Web site : www.akcc.gov.bd


তারিখঃ ১২/১১/২০১৯

২০১৮-১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

- ১। ভর্তির বিষয়ঃ হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স এন্ড ব্যাংকিং ও মার্কেটিং
- ২। ভর্তির প্রাথমিক আবেদন ফরম পাওয়া যাবেঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটঃ www.nu.edu.bd/admissions এ ১১.১১.২০১৯ থেকে ২১.১১.২০১৯ তারিখ পর্যন্ত।
- ৩। অনলাইনে পূরণকৃত ভর্তির প্রাথমিক আবেদন ফরম কলেজে (নিচতলার অফিসে) জমাদানের শেষ তারিখ : ২৩.১১.২০১৯ তারিখ খ্রিঃ মধ্যে।
- ৪। প্রাথমিক আবেদন ফরমের ফিস : ৩০০/- (তিনশত টাকা) অফিস কাউন্টারে জমা দিতে হবে।
- ৫। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী
ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎ সংশ্লিষ্ট তিনবছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে এক বছর মেয়াদী ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০১৮- ২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স(নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবেনা। এ লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো এ মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্কান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
ঘ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।
ঙ) ওয়েব সাইট থেকে প্রিন্টকৃত আবেদন ফরমের উপরে যোগাযোগের জন্য ব্যক্তিগত মোবাইল নম্বর লিখতে হবে।


প্রতিস্বাক্ষর

অধ্যক্ষ
আযম খান সরকারি কমার্স কলেজ
খুলনা।


১২/১১/১৯

আহবায়ক
মাস্টার্স শেষ পর্ব ভর্তি কমিটি-২০১৮-১৯